সমকাল

তারিখ ... 23 SEP. 2015 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ......

# 'মেডিকেল ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ সঠিক নয়'

মেডিকেল ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ সঠিক নয় বলে দাবি করেছে স্বাস্থ্য অধিদপ্তর। গতকাল মঙ্গলবার প্রতিষ্ঠানের পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন) অধ্যাপক ডা. এবিএম আবদুল হান্নান স্বাক্ষরিত এ বিজ্ঞপ্তিতে প্রশ্নপত্র ফাঁসের গুজবে বিভ্রান্ত না হওয়ার জন্য সবার প্রতি আহ্বান জানিয়েছেন।

শতভাগ সততা ও স্বচ্ছতার সঙ্গে এমবিবিএস ও বিডিএস কোর্সের ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে দাবি করে বিজ্ঞপ্তিতে বলা হয়, কয়েকটি জাতীয় পত্রিকায় মেডিকেলে ভর্তি পরীক্ষা-সংক্রান্ত প্রতিবেদন স্বাস্থ্য অধিদপ্তরের নজরে এসেছে। অধিদপ্তরের মেডিকেল শিক্ষা ও জনশক্তি উন্নয়নের পক্ষ থেকে অত্যন্ত দৃঢ়তার সঙ্গে জানাতে চায়, নিশ্ছিদ্র নিরাপত্তা ও গোপনীয়তা রক্ষা করে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন ও পরীক্ষা গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে স্বাস্থ্য মন্ত্রণালয় ও অধিদপ্তর আগে থেকেই সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করেছিল।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, সারাদেশে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৫

# মেডিকেল ভর্তি

[তৃতীয় পৃষ্ঠার পর]

সদস্যরা ভুয়া প্রশ্নপত্র বিলি করে কোমলমতি শিক্ষার্থীদের কাছ থেকে প্রতারণার মাধ্যমে অর্থ হাতিয়ে নেওয়া কয়েকটি চক্রকে এরই মধ্যে গ্রেফতার করেছে। গত ১৫ ও ১৭ সেপ্টেম্বর র‍্যাবের হাতে গ্রেফতারকৃত কারও কাছেই মেডিকেল ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র পাওয়া যায়নি। এ ছাড়া পরীক্ষা শুরু হওয়ার আগ মুহূর্ত পর্যন্ত কোনো মহল থেকে প্রশ্ন ফাঁসের অভিযোগ উত্থাপন করা হয়নি। এ অভিযোগে ভর্তি পরীক্ষা বাতিল চেয়ে হাইকোর্টে দাখিলকৃত রিট আবেদন ইতিমধ্যে খারিজ হওয়ায় পুরো বিষয়টির মীমাংসা হয়েছে।